

## Model Activity task 2021(August)

### Class 9| History |( Part-5)

## মডেল অ্যাক্টিভিটি টাস্ক ২০২১ | আগস্ট

### নবম শ্রেণী | ইতিহাস| ( পার্ট -৫)

১. 'ক' স্তম্ভের সাথে 'খ' স্তম্ভ মেলাও:

ক-স্তম্ভ	খ-স্তম্ভ
১.১) ইয়ং ইতালি	(খ) জোসেফ ম্যাৎসিনি
১.২) সেফটি ল্যাম্প	(ঘ) হামফ্রি ডেভি
১.৩) ইউটোপীয় সমাজতন্ত্র	(ক) সাঁ সিমো
১.৪ রক্ত ও লৌহ নীতি	(গ) বিসমার্ক

২. সত্য বা মিথ্যা নির্ণয় কর:

- ২.১) ফ্রান্সে দ্বিতীয় প্রজাতন্ত্র প্রতিষ্ঠিত হয় ১৮৪৮ খ্রিস্টাব্দে। **সত্য**
- ২.২) শিল্প বিপ্লবের সময় ইংল্যান্ড বিশ্বের কারখানা হিসাবে পরিচিতি পায়। **সত্য**
- ২.৩) হিটলারের ভাষায় ইতালি ছিল – 'একটি ভৌগোলিক সংজ্ঞা মাত্র।' **মিথ্যা**
- ২.৪) এড্রিয়ানোপলের সন্ধি স্বাক্ষরিত হয়েছিল রাশিয়া ও তুরস্কের মধ্যে। **সত্য**

৩. দুটি বা তিনটি বাক্যে নীচের প্রশ্নগুলির উত্তর দাও:

৩.১) রিসর্জিমেন্টো কী?

উঃ কার্বোনারি সমিতির হাত ধরে ইতালিতে এক জাতীয়তাবাদী জাগরণ তথা আন্দোলনের জন্ম হয়, যাকে বলা হয় রিসর্জিমেন্টো বা পুনরুত্থান বা নবজাগরণ। এই জাগরণের মধ্যদিয়ে ইটালিবাসী তাদের অতীত ঐতিহ্য, সংস্কৃতি ও বীরগাথা সম্পর্কে বিশেষ অবগত হয়।

৩.২) ঘেটো কাকে বলা হত?

উঃ ইউরোপের বিভিন্ন শহরের সংখ্যালঘু সম্প্রদায় (যেমন ইহুদিরা) তাদের নিরাপত্তার স্বার্থে শহরের একটি নির্দিষ্ট ঘেরা জায়গায় এক সঙ্গে বসবাস করত। এই ঘেরা স্থান বা বসতিগুলিকেই বলা হত ঘেটো। উল্লেখ্য ঘেটো কথাটির উদ্ভব হয় ইটালির ভেনিস শহরকে কেন্দ্র করে।

## ৪. সাত বা আটটি বাক্যে উত্তর দাও:

### ৪.১কাকে 'মুক্তিদাতা জার' বলা হয় এবং কেন?

উঃ জার দ্বিতীয় আলেকজান্ডার যুগ যুগ ধরে নিপীড়িত ভূমিদাসদের দাসত্ববন্ধন থেকে মুক্তি দেবার জন্য তিনি মুক্তিদাতা জার নামে পরিচিত।

জার সিংহাসনে আরোহণ করে অনুধাবন করলেন যে, রাশিয়ার পিছিয়ে পড়ার পিছনে ১মাত্র ভূমিদাস প্রথাই দায়ী। রাশিয়ার আইন অনুসারে ভূমিদাসগণ ছিল মালিকের ব্যক্তিগত সম্পত্তি। মালিকেরা তাদের নিলামে বিক্রয় অথবা শারীরিক পীড়ণ করলে রাষ্ট্র তাদের বাধা দিত। ভূমিদাসরা বংশানুক্রমে ভূমিদাসের কাজ করত। ১৮৭১ সালের ১৯ ফেব্রুয়ারী মুক্তির ঘোষণা দারা জঘন্য দাসপ্রথার উচ্ছেদ সাধন করেন। এ ঘোষণা অনুযায়ী

- i) ভূমিদাসরা দাসত্ব থেকে মুক্তি পায়
- ii) ভূমিদাসরা নাগরিক অধিকার লাভ করে
- iii) জমিদারদের ভূমির একাংশ ভূমিদাসরা পায় ও কৃষকরা জীবিকা নির্বাহের সুযোগ পায়।
- iv) জমিদাররা জমির জন্য ক্ষতিপূরণ সরকারের কাছ থেকে পায়।
- v) কৃষকেরা ৪র্থ বছরের কিস্তিতে এ অর্থ সরকারকে পরিশোধ করবে।